

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শাখাঃ কারিগরি-১  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)



নং-৫৭.০০.০০০০.০৫১.০৪.০০৬.২০২০-১২৪

তারিখঃ ১৪ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ  
২৮ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

### প্রজ্ঞাপন

কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন সিলেট পলিটেকনিক ইনস্টিটিউটের জুনিয়র ইনস্ট্রাক্টর (ইলেকট্রিক্যাল) জনাব আশিকুর রহমান-কে কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে প্রেষণ/শিক্ষা ছুটির মঞ্জুরি পত্র না নিয়েই গত ১২.১১.২০১৬ তারিখ হতে ২৭.০৯.২০১৯ তারিখ পর্যন্ত ২ বছর ১০ মাস ১৫ দিন ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (ডুয়েট) অধ্যয়ন এবং কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় 'কারণ দর্শানোর' নোটিশ প্রদান করা হয়। কারণ দর্শানোর নোটিশের পরিপ্রেক্ষিতে জনাব আশিকুর রহমান গত ১৩/১০/২০২০ তারিখের স্বাক্ষরে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য প্রার্থনা করেন।

০২। গত ২৯/১২/২০২০ খ্রি. তারিখে জনাব আশিকুর রহমান এর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। শুনানিতে সরকার পক্ষের বক্তব্য, সংশ্লিষ্ট শিক্ষকের দাখিলকৃত জবাব ও ব্যক্তিগত শুনানি পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, জনাব আশিকুর রহমান যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে একাধিকবার প্রেষণ/শিক্ষা ছুটি মঞ্জুরীর জন্য কারিগরি শিক্ষা অধিদপ্তরে আবেদন করেন। কিন্তু কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে উচ্চ শিক্ষার জন্য প্রেষণ/শিক্ষা ছুটি মঞ্জুরীর কোন আদেশ পাননি। ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক অর্ডিন্যান্স ফর আন্ডার গ্রাজুয়েট স্টাডিজ আর্টিকেল ১৩.৪ অনুযায়ী পর পর দুই সেশন অনুপস্থিত থাকলে শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী রেজিস্ট্রেশন ও ভর্তি বাতিল হবে বিধায় একান্ত নিরুপায় হয়েই উচ্চ শিক্ষার ছুটি মঞ্জুরী পত্র না নিয়েই তিনি কর্মস্থলে ত্যাগের আবেদন করে অধ্যয়নের জন্য কর্মস্থলে ত্যাগ করেন।

০৩। যেহেতু সিলেট পলিটেকনিক ইনস্টিটিউটের জুনিয়র ইনস্ট্রাক্টর (ইলেকট্রিক্যাল) জনাব আশিকুর রহমান উচ্চশিক্ষা সমাপ্তির পর হতে নিয়মিতভাবে কর্মস্থলে উপস্থিত রয়েছেন এবং কর্মস্থলে অনুপস্থিতির তারিখ হতে অদ্যাবধি কোন বেতন-ভাতাদি গ্রহণ করেননি। সেহেতু তার চাকরির ধারাবাহিকতা রক্ষার স্বার্থে জনপ্রশাসন মন্ত্রণালয়ের উচ্চশিক্ষা নীতিমালার বিধি ৫(চ) ও নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর ৯(৩)(২)(এ)(৩) অনুযায়ী বিগত ১২.১১.২০১৬ খ্রি. তারিখ হতে ২৭.০৯.২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত ২ বছর ১০ মাস ১৫ দিন কর্মস্থলে অনুপস্থিত দিনগুলো বিশেষ বিবেচনায় ভূতাপেক্ষভাবে 'অসাধারণ' ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৮/৩/২০২১  
(রহিমা আক্তার)  
উপসচিব

ফোনঃ ৯৫৪৬৫৭০

sastec1@tmed.gov.bd


নং-৫৭.০০.০০০০.০৫১.০৪.০০৬.২০২০-১২৪(১০)

তারিখঃ

১৪ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ  
২৮ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

- (১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (জনাব আশিকুর রহমান এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- (২) অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৩) অতিরিক্ত সচিব (কারিগরি-১ অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৪) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৫) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (৬) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- (৭) অধ্যক্ষ, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট, সিলেট।
- (৮) উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- (৯) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট।
- (১০) জনাব আশিকুর রহমান, জুনিয়র ইনস্ট্রাক্টর (ইলেকট্রিক্যাল), সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট, সিলেট।

  
২৮/৩/২০২১  
(রহিমা আক্তার)  
উপসচিব

ফোনঃ ৯৫৪৬৫৭০

sastec1@tmed.gov.bd